



১৭ ফেব্রুয়ারী ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

**দ্বিপাক্ষিক কূটনৈতিক সম্পর্ক জোরদার করতে বাংলাদেশ এবং মেক্সিকোর ফরেন
সার্ভিস একাডেমির মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর**

আজ ১৭ই ফেব্রুয়ারি ২০২২ তারিখ, রোজ বৃহস্পতিবার, মেক্সিকোর পররাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশের ফরেন সার্ভিস একাডেমি এবং মেক্সিকোর মাতিয়াস রোমেরো ইন্সটিটিউট-এর মধ্যে দ্বিপাক্ষিক কূটনৈতিক সহযোগিতা সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

মেক্সিকোর মাতিয়াস রোমেরো ইন্সটিটিউট-এর পক্ষ থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভাইস মিনিস্টার কারম্যান মোরেনো টস্কানো এবং বাংলাদেশের ফরেন সার্ভিস একাডেমির পক্ষে রাষ্ট্রদূত আবিদা ইসলাম উক্ত সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ দূতাবাসের কাউন্সেলর শাহনাজ রানু সহ বাংলাদেশ দূতাবাসের স্থানীয় কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। মেক্সিকোর পররাষ্ট্র মন্ত্রণালয়ের এশিয়া প্যাসিফিক বিভাগের মহাপরিচালক ক্লডিয়া ফ্রাংকো ইহ্লস ও মাতিয়াস রোমেরো ইন্সটিটিউটের পরিচালক আলেক্সান্দ্রো গঞ্জালেস সহ অন্যান্য কর্মকর্তাগণ এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

ভাইস মিনিস্টার কারম্যান মোরেনো টস্কানো তার বক্তব্যে আশা প্রকাশ করেন যে এই সমঝোতা স্মারকের মাধ্যমে দুই দেশের মধ্যকার বিদ্যমান সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক আরও নতুন মাত্রা পাবে।

এই সমঝোতা স্মারকটি স্বাক্ষরের মধ্য দিয়ে উভয় দেশের অংশগ্রহণে যৌথ কার্যক্রম গ্রহণের পাশাপাশি তরুন কূটনীতিকদের দক্ষতা বৃদ্ধি, দুই দেশের মধ্যে প্রভাষক এবং রিসোর্স পার্সন বিনিময়, এবং তথ্যাদি ও প্রকাশনা আদান- প্রদান করা সহজতর হবে। সেইসাথে বাংলাদেশের শিক্ষানবীশ কূটনীতিকদের জন্য এই স্মারকটি স্প্যানিশ ভাষা শিক্ষার দ্বার উন্মোচন করবে বলে আশা করা যাচ্ছে।

Shahana Akhter Rana
Counsellor
Embassy of Bangladesh
Mexico City, Mexico

*Embassy of the People's
Republic of Bangladesh
Mexico City*



*Mujib Year's diplomacy,
friendship and prosperity*

17 February 2022

PRESS RELEASE

The Foreign Service Academies of Bangladesh and Mexico signed the Memorandum of Understanding to strengthen the bilateral diplomatic relations

The Foreign Service Academy of Bangladesh and the Matias Romero Institute of Mexico signed a Memorandum of Understanding on bilateral diplomatic cooperation today (Thursday), 17 February 2022 at the Mexican Ministry of Foreign Affairs.

On behalf of the Matias Romero Institute, the Vice-Minister for Foreign Affairs CARMEN MORENO TOSCANO and on behalf of Bangladesh Foreign Service Academy Ambassador of Bangladesh to Mexico Abida Islam signed the MOU. The Counsellor of Bangladesh Embassy Shahanaj Ranu along with the local officials of the Embassy was present during the ceremony. Director-General, Asia Pacific Wing of Mexican Foreign Ministry, CLAUDIA FRANCO HIJUELOS, the Director of Matias Romero Institute ALEJANDRO ALDAY GONZALES, and other officials also attended the signing ceremony.

Vice-Minister for Foreign Affairs CARMEN MORENO TOSCANO in her remarks said that the Memorandum of Understanding would add new dimension to the existing bilateral relations between the two friendly nations.

The Memorandum of Understanding (MoU) will facilitate the joint efforts undertaken by both the countries as well as enhance the skills of the young diplomats, exchange lecturers and resource persons between the two countries, and sharing of information and publications. In addition, it is anticipated that the MOU will create new opportunities for the probationer diplomats of Bangladesh to learn the Spanish language in Mexico.

**Shahanaj Akhter Ranu
Counsellor
Embassy of Bangladesh
Mexico City, Mexico**